৪র্থ শ্রেণির ছাত্রীকে উত্যক্ত করতেন তিনি

বগুড়ার আদমদীঘিতে ৪র্থ শ্রেণির ছাত্রীকে উত্যক্ত করায় শফিকুল ইসলাম ওরফে শাফি (৩০) নামের এক ব্যক্তিকে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যায় উপজেলা নির্বাহী কর্মকর্তার কক্ষে নির্বাহী ম্যাজিস্ট্রেট মৌলি মন্ডলের ভ্রাম্যামাণ আদালত এই রায় দেন।

দণ্ডপ্রাপ্ত শাফি উপজেলার নসরতপুর ইউনিয়নের চাটখইর গ্রামের আব্দুস ছাত্তারের ছেলে।

আদমদীঘি থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, শফিকুল ইসলাম একই গ্রামের চাটখইর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণির এক ছাত্রীকে অসৎ উদ্দেশ্যে উত্যক্ত করতেন। ওই ছাত্রীকে কুপ্রস্তাব দেওয়াসহ পথেঘাটে ইভটিজিং করে আসছিলেন। এমন অভিযোগ পাওয়ার পর বৃহস্পতিবার বিকেলে তাকে আটক করে সন্ধ্যায় ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হয়। পরে আদালত তাকে কারাদণ্ড দেন।